

প্রথম আলো

রোববার, ২৫ জানুয়ারি ২০২৬, ১১ মাঘ ১৪৩২



# সাউথইস্ট ব্যাংকের ব্যবসায়িক সম্মেলন অনুষ্ঠিত

অর্থ বাণিজ্য ডেস্ক

সাউথইস্ট ব্যাংকের বার্ষিক ব্যবসায়িক সম্মেলন গতকাল শনিবার রাজধানীর একটি সম্মেলনকেন্দ্রে অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে ব্যাংকটির বিগত বছরের সার্বিক কার্যক্রম পর্যালোচনা করা হয়। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে ব্যাংকটি।

বিজ্ঞপ্তিতে বলা হয়, সম্মেলনে প্রধান অতিথি ছিলেন সাউথইস্ট ব্যাংকের চেয়ারম্যান এম এ কাশেম। সভাপতিত্ব করেন ব্যাংকটির ব্যবস্থাপনা পরিচালক মো. খালিদ মাহমুদ খান। উপস্থিত ছিলেন সাউথইস্ট ব্যাংকের ভাইস চেয়ারপারসন রেহানা রহমান, পরিচালনা পর্ষদের সদস্য জোসনা আরা কাশেম, দুলুমা আহমেদ, নাসির উদ্দিন আহমেদ, খন্দকার বদরুল হাসান, নূর নাহার তারিন, মো. রফিকুল ইসলাম প্রমুখ। এ ছাড়া সম্মেলনে আরও ছিলেন ব্যাংকটির অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক, বিভাগীয় প্রধান, শাখা ব্যবস্থাপকসহ উর্ধ্বতন কর্মকর্তারা।



সাউথইস্ট ব্যাংকের বার্ষিক ব্যবসায়িক সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাউথইস্ট ব্যাংকের চেয়ারম্যান এম এ কাশেম। সভাপতিত্ব করেন ব্যাংকটির ব্যবস্থাপনা পরিচালক মো. খালিদ মাহমুদ খান। গতকাল রাজধানীর একটি সম্মেলনকেন্দ্রে। ছবি : সাউথইস্ট ব্যাংক

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, বার্ষিক ব্যবসায়িক সম্মেলনে চলতি বছরের জন্য সুসংগঠিত কৌশলগত ব্যবসায়িক নীতি প্রণয়ন ও পরিকল্পনা

নিয়ে আলোচনা করা হয়। এ সময় সম্মেলনে অংশ নেওয়া কর্মকর্তারা ব্যাংকটির সম্ভাবনাময় প্রবৃদ্ধির ক্ষেত্রগুলো চিহ্নিত করেন।